

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

বিষয়ঃ এপ্রিল, ২০২০ হতে জুন, ২০২০ সময়কালের ৪র্থ প্রান্তিকের
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আলী হোসেন প্রধানিয়া, ব্যবস্থাপনা পরিচালক
তারিখ ও সময় : ২৯.০৬.২০২০, বিকেল : ৪:০০ ঘটিকা।
স্থান : বোর্ডরুম, বিকেবি, প্রধান কার্যালয় ভবন।
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

০১. সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতির কারণে খুব কাছাকাছি সময়ের ব্যবধানে পর পর দুই প্রান্তিকের সভা আয়োজন করে ২০১৯-২০২০ অর্থ বছরের কর্ম পরিকল্পনার বাস্তবায়ন সফল করার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
০২. সভাপতির অনুমতিক্রমে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের উপমহাব্যবস্থাপক এপ্রিল, ২০২০ হতে জুন, ২০২০ সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করেন।
০৩. সভার পর্যালোচনায় প্রধান কার্যালয়ে ই-নথি সিস্টেম চালুর বিষয়ে বিশেষ অগ্রগতি না থাকা, সকল বিভাগীয় নৈতিকতা কমিটি কর্তৃক নিয়মিতভাবে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার আয়োজন না করার পর্যাপ্ত তদারকির দুর্বলতার কারণে সভাপতি মহোদয় উদ্বেগ প্রকাশ করেন। ২০১৯-২০২০ অর্থ বছরের কর্ম পরিকল্পনার সূচকের বিপরীতে সন্তোষজনক মান অর্জন করার সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
০৪. সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :-
 - ক) অর্থ মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী প্রধান কার্যালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রণয়ন করে যথসময়ে দাখিল করতে হবে।
 - খ) বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
 - গ) মাঠ কার্যালয়সমূহকে অর্থ মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা জারী করতে হবে।
০৫. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

২৯.০৬.২০২০

(মোঃ আলী হোসেন প্রধানিয়া)

ব্যবস্থাপনা পরিচালক

ও


সভাপতি

তারিখঃ ১৩.০৯.২০২০

নং-প্রকা/শানিব্যটবি-৮(অংশ-৬)২০১৮-২০১৯/ ৪৩৮

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল উপ মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়, ঢাকা বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল কর্পোরেট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১২। নথি/মহানথি।


১৩.০৯.২০২০
(মোহাম্মাদ মনিরুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক